গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩০৬ | তারিখ: ৪ কার্তিক ১৪২৭
২০ অক্টোবর ২০২০

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ** সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নাই।

**২০ অক্টোবর ২০২০ খ্রিঃ তারিখ ভোর ৫.০০টা থেকে দুপুর ১ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

খুলনা, বরিশাল, পটুয়াখালী, নোয়াখালী, কুমিল্লা, চট্রগ্রাম এবং কক্সবাজার অঞ্চলসমূহের উপর দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি/বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

**২০ অক্টোবর ২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক অবস্থা:** মৌসুমি বায়ুর অক্ষ পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। লঘুচাপের বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগরে অবস্থান করছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর কম সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে দুর্বল অবস্থায় বিরাজ করছে। বঙ্গোপসাগরে পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে একটি লঘুচাপ সৃষ্টি হতে পারে।

**পূর্বাভাস:** খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কিছু কিছু জায়গায় এবং ঢাকা ও সিলেট বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।

**তাপমাত্রা:** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে ।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** বৃষ্টি/বজ্রসহ বৃষ্টিপাতের প্রবণতা বৃদ্ধি পেতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্রগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৪.৫ | ৩৩.৬ | ৩৪.৯ | ৩৪.৭ | ৩৪.৮ | ৩৬.২ | ৩৫.৫ | ৩৪.৮ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৪.৭ | ২৫.৪ | ২৫.০ | ২৫.৫ | ২৪.০ | ২৩.০ | ২৪.৫ | ২৬.২ |

**গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল সৈয়দপুর ৩৬.২° এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়া ২৩.০° সেঃ।**

**(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)**

## এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- কুশিয়ারা ব্যতীত দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে।
- দেশের সকল প্রধান নদ-নদীসমূহের পানি সমতল বিপদসীমার নিচ দিয়ে প্রবাহিত হচ্ছে।

### নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত)

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | ১০১ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০০ |
| বৃদ্ধি | ১২ | **বিপদসীমার উপরে নদীর সংখ্যা** | ০০ |
| হ্রাস | ৮৬ | **বিপদসীমার উপরে স্টেশনের সংখ্যা** | ০০ |
| অপরিবর্তিত | ০৩ | - | - |

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, পাউবো)

### বৃষ্টিপাতের তথ্য

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) : নেই।

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| - | - | - | - |

(সূত্রঃ বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, পাউবো)

### অগ্নিকান্ডের তথ্যঃ

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায় ১৮ অক্টোবর, ২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৯ অক্টোবর ২০২০খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১১ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ**

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৬ | ০ | ০ |
| ২। | ময়মনসিংহ | ২ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ১ | ০ | ০ |
| ৫। | রাজশাহী | ০ | ০ | ০ |
| ৬। | রংপুর | ০ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ০ | ০ | ০ |
| ৮। | খুলনা | ২ | ০ | ০ |
| | **মোট** | **১১** | **০** | **০** |

### বজ্রপাতঃ

**১। কুমিল্লাঃ** জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তার কার্যালয়ের স্মারক নং-৫১.০১.১৯০০.০২৫.৪০.০০৭.১৮.১১৮৯; তারিখঃ ১৯/১০/২০২০ খ্রিঃ এর মাধ্যমে জানিয়েছেন যে, বর্ণিত জেলায় ব্রাহ্মণপাড়া উপজেলায় বজ্রপাতে ০১ (এক) জন নিহত এবং ০১ (এক) জন আহত হন। নিহত ও আহত ব্যক্তির তথ্য নিম্নরূপঃ

**টেবিলঃ ক (নিহত ব্যক্তির তালিকা)**

| ক্রঃ নং | উপজেলার নাম | নিহত ব্যক্তির নাম, পিতার নাম ও ঠিকানা | ঘটনার তারিখ | কারণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১ | ব্রাহ্মণপাড়া | নাম- মোসাঃ হাসিবা আক্তার (১৩), পিতা- আবুল হাসেম, গ্রাম- পোমকাড়া, ইউনিয়ন- ২ নং শিদলাই, উপজেলা- ব্রাহ্মণপাড়া, জেলা- কুমিল্লা | ১৯/১০/২০২০ খ্রিঃ | বারান্দায় দাঁড়ানো অবস্থায় বজ্রপাতে নিহত | ২০,০০০ টাকা প্রদান করা হয়েছে। |

**টেবিলঃ খ (আহত ব্যক্তির তালিকা)**

| ক্রঃ নং | উপজেলার নাম | নিহত ব্যক্তির নাম, পিতার নাম ও ঠিকানা | ঘটনার তারিখ | কারণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ব্রাহ্মণপাড়া | নাম- রিমা আক্তার (১৩), পিতা- রফিকুল ইসলাম, গ্রাম- পোমকাড়া, ইউনিয়ন- ২ নং শিদলাই, উপজেলা- ব্রাহ্মণপাড়া, জেলা- কুমিল্লা | ১৯/১০/২০২০ খ্রিঃ | বারান্দায় দাঁড়ানো অবস্থায় বজ্রপাতে আহত | ১০,০০০ টাকা প্রদান করা হয়েছে। |

২০-১০-২০২০
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল:
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৩০৬/১(১৬৬)

তারিখ: ৪ কার্তিক ১৪২৭
২০ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯) জেলা প্রশাসক (সকল)
১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)

২০-১০-২০২০

কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা